



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০২৭.২০-৫৪২

তারিখ: ২০ কার্তিক ১৪২৭  
০৫ নভেম্বর ২০২০

বিষয়: উখিয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব হামিদুল হক চৌধুরীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

সূত্র: স্মারক নং- ০৫.২০.২২০০.১০২.৯৯.০০১.২০-১৪৯, তারিখ: ১২/১০/২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব বাদশা মিয়া চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা ও সাবেক চেয়ারম্যান, হালদা পালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার কর্তৃক আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোহাম্মদ জাহিরুল ইসলাম)

উপসচিব

ফোন: ৯৫৭৭২৩০

e-mail: [lgd.upazila2@gmail.com](mailto:lgd.upazila2@gmail.com)

জনাব হামিদুল হক চৌধুরী  
চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
উখিয়া, কক্সবাজার।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ২। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া, কক্সবাজার।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।

১০৫  
বরাবর,

সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মাধ্যম : জেলা প্রশাসক, কক্সবাজার।

D 224  
সচিব  
প্রশাসনিক  
স্বাক্ষর  
নিবন্ধ (স্বাক্ষর)  
৫৬/১৮  
২৫/১০  
১৫/১৮

বিষয় : বাংলাদেশ সরকার কর্তৃক সর্বোচ্চ সম্মাননা স্বাধীনতা পুরস্কার প্রাপ্ত জাতির সর্বশ্রেষ্ঠ সন্তান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠন শহীদ এটিএম জাফর আলম সি.এস.পি নামে উখিয়া উপজেলা পরিষদ চেয়ারম্যান হামিদুল হক চৌঃ প্রকাশ্যে জনসভায় কুরুচি পূর্ণ মানহানিকর ব্যক্তব্যের জন্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের আবেদন।

মহাত্মন,

বিনীত নিবেদন এই যে, শহীদ এ.টি.এম জাফর আলম সি.এস.পি তৎকালীন পূর্ব পাকিস্তান ছাত্রলীগের কেন্দ্রীয় নেতা ও সাধারণ সম্পাদক ইকবাল হল শাখা, স্বাধীন বাংলা সংগ্রাম পরিষদ ও স্বাধীন বাংলা নিওক্লিয়ারাসের অন্যতম নেতা। মুক্তিযুদ্ধের প্রস্তুতি পর্বে তার অপরিমিত অবদানের জন্য বাংলাদেশ সরকার তাকে রাষ্ট্রের সর্বোচ্চ সম্মাননা স্বাধীনতা পদক (মরোত্তর) ভূষিত করেন। এবং তার নামে লিংকরোড থেকে টেকনাফ পর্যন্ত ৭৯ কিঃ মিঃ রাস্তার তাঁর নামে নামকরণ করেন।

শহীদ এ.টি.এম জাফর আলম তৎকালীন পাকিস্তান সরকারের সুপিরিয়র সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সি.এস.পি মনোনীত হন। সাবেক মন্ত্রী পরিষদ সচিব মোঃ শফিউল আলম তার আপন ছোট ভাই। তার পরিবার বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত আওয়ামী পরিবার।

শহীদ এ.টি.এম জাফর আলম ১৯৭১সালে ২৫ মার্চ কালো রাতে সাবেক ইকবাল হল (বর্তমান সার্জেন্ট জহিরুল হক হল) ছাত্র লীগ ও আওয়ামী লীগের দুর্গ হিসাবে খ্যাত পাকহানাদার বাহিনী আক্রমণ করলে শহীদ এ.টি.এম জাফর আলম অসম যুদ্ধে লিপ্ত হন এবং দেশ ও স্বাধীনতার জন্য পাকহানাদার বাহিনীকে প্রতিহত করতে গিয়ে শাহাদাত বরণ করেন।

জনাব হামিদুল হক চৌঃ পারিবারিকভাবে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের বিপক্ষের অবস্থানকারী। তার জামাতা মাফিয়া ডন ইয়াবা সম্রাট আব্দুর রহমান বদির সানুগ্রহে আওয়ামী লীগের উপজেলা সভাপতির আসন অলংকৃত করেন। এবং এই পদ পদবী ব্যবহার করে নানা অপকর্মে লিপ্ত হয়। এবং ইয়াবা কারবারীদের পৃষ্ঠ-পোষকতা করে অঢেল টাকার মালিক হয়। প্রতি নিয়ত রোহিঙ্গাদের

উস্কানি দিয়ে উত্থাপিত করে দেশে অশান্তি ও অরাজকতা সৃষ্টি করার কাজে লিপ্ত। যা সরাসরি রাষ্ট্রদ্রোহীতার সামিল।

জনাব হামিদুল হক চৌং দায়িত্বশীল চেয়ারে বসে রোহিঙ্গা ইস্যু নিয়ে রাজনীতি করে বার বার সরকারকে বিব্রতকর অবস্থায় ফেলার চেষ্টা করেন যা রাষ্ট্রদ্রোহীতার সামিল।

বিগত ০৩/১০/২০২০ইং তারিখ আওয়ামী লীগের একাংশের বর্ধিত সভায় সম্পূর্ণ অপ্রসঙ্গিকভাবে অসদুদ্দেশ্য প্রনোদিত হয়ে বীর মুক্তিযুদ্ধের শহীদ এ.টি.এম জাফর আলমের সমালোচনায় বলেন “ঢাকা বিশ্ববিদ্যালয়ে চাঁদাবাজি করতে গিয়ে মরছে না মুক্তি যুদ্ধ করতে গিয়ে মরছে তা আমরা জানি না” সাবেক মন্ত্রী পরিষদ সচিব শফিউল আলমকে বদমায়েশ বলে আখ্যায়িত করেন।

জনাব হামিদুল হক চৌং বঙ্গমাতা ফজিলাতুল্লাহা কলেজের অধ্যক্ষ থাকাকালে তার অর্থ আত্মসাৎ ও অন্যান্য দুর্নীতির তদন্ত কার্যক্রম চলমান রহিয়াছে।

জনাব হামিদুল হক চৌধুরী কর্তৃক জাতির সর্বশ্রেষ্ঠ সন্তান একজন শহীদ মুক্তিযোদ্ধার মান হানিকর বক্তব্যের জন দৃষ্টান্ত মূলক শাস্তি মূলক ব্যবস্থা নিতে হুজুরের মর্জি হয়।

তারিখ :

১২. ১০.২০২০

নিবেদক

বদশা মিয়া চৌধুরী

(বাদশা মিয়া চৌধুরী)

বীর মুক্তিযুদ্ধা

সাবেক চেয়ারম্যান হলদিয়া পালং ইউনিয়ন  
ও সাবেক সভাপতি উখিয়া উপজেলা আওয়ামী লীগ  
উখিয়া, কক্সবাজার।